

## 📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১০. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সৌন্দর্য প্রসঙ্গে

بَاب فِي حُسْنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

أَخْبَرَنَا مَالِكُ بْنُ إِسْمَاعِيلَ، حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ الْفَضْلِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ الْهَاشِمِيُّ،  
أَخْبَرَنَا الْمُغِيرَةُ بْنُ عَطِيَّةَ، عَنْ أَبِي الزُّبَيْرِ، عَنْ جَابِرِ رَضِيَ اللَّهُ عَنْهُ، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ  
عَلَيْهِ وَسَلَّمَ: لَمْ يَسْلُكْ طَرِيقًا أَوْ لَا يَسْلُكُ طَرِيقًا، فَيَتْبَعُهُ أَحَدٌ إِلَّا عَرَفَ أَنَّهُ قَدْ سَلَكَهُ مِنْ  
طِيبِ عَرَفِهِ، أَوْ قَالَ: مِنْ رِيحِ عَرَقِهِ

لم يحكم عليه المحقق

বাংলা

৬৭. জাবির রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখনই কোন রাস্তা দিয়ে চলেছেন বা চলেন, সেই রাস্তা দিয়ে পরবর্তীতে কোন ব্যক্তি চললে তাঁর উত্তম সুগন্ধের দ্বারাই, অথবা বলেছেন: তাঁর ঘামের সুগন্ধেই (বর্ণনাকারীর সন্দেহ), সে বুঝতে পারত যে, তিনি এ রাস্তা দিয়ে গেছেন।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এটি ইবনু হিব্বানের শর্তানুযায়ী (সহীহ)।

তাখরীজ: বুখারী, তারীখুল কাবীর, ১/৩৯৯-৪০০।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=45832>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন